

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
কালিহাতি, টাঙ্গাইল।

স্মারক নম্বর : উ: প: কা: কালি: টাং-২০২২- ৩০৬

তারিখ : ০৫-০৫-২০২২ইং

নোটিশ

বিষয় : বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ সম্পর্কিত কমিটি'র সভা আহ্বান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকল সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১৬ মে ২০২২ইং তারিখ রোজ সোমবার সকাল ১১.৩০ ঘটিকায় ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল মহোদয়ের অফিস কক্ষে বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ সম্পর্কিত কমিটি'র সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় সকল সম্মানিত সদস্যকে নির্ধারিত সময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সভার আলোচ্য সূচি :

- ১। গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন সম্পর্কিত
- ২। সবজির বাজার মূল্য সংক্রান্ত
- ৩। বিবিধ।



(মো: সাজ্জাদ হোসেন তালুকদার)

উপজেলা কৃষি কর্মকর্তা

ও

সদস্য সচিব

বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ সম্পর্কিত কমিটি
কালিহাতি, টাঙ্গাইল।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রদান করা হলো :

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, কালিহাতি, টাঙ্গাইল।
- ৩। অফিস কপি।

বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ সম্পর্কিত উপজেলা কমিটি'র সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মো. আখতারুজ্জামান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল।
সভার তারিখ : ১৬-০৫-২০২২ইং
সভার সময় : বেলা ১১.৩০ ঘটিকা
স্থান : ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ।

সভাপতি কর্তৃক উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করা হয়। অতঃপর সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব উত্থাপিত না হওয়ায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---------|---|--|--|
| ০১ | চেয়ারম্যান, বন্যা ইউনিয়ন পরিষদ, কালিহাতি সভায় বলেন, অত্র উপজেলার বিভিন্ন বাজারের দ্রব্যমূল্য ঠিক রাখতে বিশেষ করে এলেঙ্গা বাজার এবং কালিহাতি কাঁচা বাজারের দ্রব্যমূল্য ঠিক রাখতে নিয়মিত অভিযান পরিচালনা করা এবং বিভিন্ন দ্রব্যের মূল্য নির্ধারণ বিষয়ক তালিকা বাজারের একটি নির্দিষ্ট জায়গায় ঝুলিয়ে রাখা প্রয়োজন। | দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে এলেঙ্গা বাজার এবং কালিহাতি কাঁচা বাজারের একটি নির্দিষ্ট জায়গায় তালিকা ঝুলিয়ে রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গ্রহণ। | উপজেলা কৃষি কর্মকর্তা, কালিহাতি, টাঙ্গাইল। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে তাদের উপর অর্পিত সরকারি দায়িত্ব দক্ষতা, সততা ও নিষ্ঠার সাথে পালনের এবং সকল সদস্যকে আগামী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান। অতঃপর সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মো. আখতারুজ্জামান)

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ

ও


বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ
সম্পর্কিত উপজেলা কমিটি
কালিহাতি, টাঙ্গাইল।

স্মারক নম্বর : উ: প: কা: কালি: টাং-২০২২- ৬৫৬

তারিখ : ১৮-০৫-২০২২খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, কালিহাতি, টাঙ্গাইল।
- ৩। মেয়র, পৌরসভা, কালিহাতি, টাঙ্গাইল।
- ৪। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল।
- ৫। অফিস কপি।



উপজেলা কৃষি কর্মকর্তা

ও

সদস্য সচিব

বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ সম্পর্কিত কমিটি
কালিহাতি, টাঙ্গাইল।